



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০২.১৯.২৪২.২১-২৬৩

তারিখ: ১২ মে ২০২২ খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামোর আওতায় CBT&A কার্যক্রম বাস্তবায়ন করছে। উক্ত কার্যক্রমের আওতায় ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি, চাঁদপুর এ ১৩ মে ২০২২ খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকায় এ্যাসেসমেন্ট এ অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেনেন্স অকুপেশনে, লেভেল-১ এর কম্পিউটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী এ্যাসেসমেন্ট গ্রহণ করা হবে। বোর্ডের চেয়ারম্যান মহোদয়, জনাব মো. আলী আকবর খান এ্যাসেসমেন্ট চলাকালীন সময়ে কেন্দ্রটি আকস্মিক পরিদর্শন করবেন। এ উদ্দেশ্যে তিনি বোর্ড হতে ভোর ৫.৩০ ঘটিকায় ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি, চাঁদপুর এর উদ্দেশ্যে যাত্রা শুরু করবেন। এ ভ্রমণকালে তিনি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাভুক্ত যেকোনো সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান পরিদর্শন করতে পারবেন।

উল্লেখ্য, গাড়িচালক (দৈনিক হাজিরাভিত্তিক) জনাব মোঃ আবু সাঈদ চেয়ারম্যান মহোদয়ের গাড়ী চালকের (জীপ গাড়ী নং-ঢাকা মেট্রো খ-১৩-৩৬৬৮) দায়িত্ব পালন করবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

(মো. আবুল হোসেন)

উপসচিব (প্রশাসন)

ফোন: ০২-৫৫০০৬৫৩০ (অফিস)

৭

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০২.১৯.২৪২.২১-২৬৩(১৪)

তারিখ: ১২ মে ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ৪-৮। পরিচালক (কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক/ পরিচালক (আইটিসি)/ প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অধ্যক্ষ, ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি, চাঁদপুর
- ১০। উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ১২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৩। জনাব মো. আবু সাঈদ, গাড়ীচালক (দৈনিক হাজিরা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৪। সংশ্লিষ্ট নথি।

(মো. আবুল হোসেন)

উপসচিব (প্রশাসন)

ফোন: ০২-৫৫০০৬৫৩০ (অফিস)

৭